

ভ্রাম্যমান আদালত বসিয়ে বাল্যবিবাহ নিরোধ আইনে দুই শিশুকে দণ্ডদেশ প্রদানকারী নেত্রকোণার আটপাড়া উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুলতানা রাজিয়া কর্তৃক প্রদত্ত ব্যাখ্যার কপি মহামান্য হাইকোর্টে প্রেরণের নির্দেশ

আজ বৃহস্পতিবার, ৫ আগস্ট ২০২১ ইং তারিখ, মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব এম এনায়েতুর রহিম এর সমন্বয়ে গঠিত ভারুয়াল বেঞ্চ (এনেক্স ১৭)- ভ্রাম্যমান আদালত বসিয়ে বাল্যবিবাহ নিরোধ আইনে দুই শিশুকে এক (১) মাসের দণ্ডদেশ প্রদানকারী নেত্রকোণার আটপাড়া উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুলতানা রাজিয়ার নিকট হতে নেত্রকোণার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) এ বিষয়ে যে ব্যাখ্যা তলব করেছেন, তার কপি আগামী ২৬ আগস্ট ২০২১ ইং তারিখের মধ্যে মহামান্য উচ্চ আদালতে প্রেরণ করার জন্য জেলা ম্যাজিস্ট্রেট (ডিএম) এর প্রতি নির্দেশ প্রদান করেন।

পটভূমি:

গত ৪ আগস্ট ২০২১ ইং তারিখ দৈনিক ‘প্রথম আলো’ পত্রিকায় ‘[বাল্যবিবাহ নিরোধ আইনে দুই শিশুকে দণ্ড](#)’ শিরোনামে প্রকাশিত প্রতিবেদন হতে জানা যায় যে, গত ১ আগস্ট ২০২১ ইং তারিখ রাতে নেত্রকোণা আটপাড়া উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুলতানা রাজিয়া তাঁর নিজ কার্যালয়ে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর ধারা ৭ (২) এর অধীনে একই উপজেলার দুগুজ ইউনিয়নে বসবাসরত ১৫ বছর বয়সী একজন কন্যা শিশু ও একজন ছেলে শিশুকে এক মাসের দণ্ডদেশ দিয়ে শিশু দুটিকে গাজীপুরে অবস্থিত শিশু উন্নয়ন কেন্দ্রে প্রেরণের নির্দেশ দেন। শিশু দুটি গত ৩ আগস্ট ২০২১ ইং তারিখ মঙ্গলবার পর্যন্ত নেত্রকোণা জেলা কারাগারে ছিল।

পরবর্তীতে গত ৪ আগস্ট ২০২১ ইং তারিখে শিশু দুজনের তাৎক্ষণিক মুক্তির লক্ষ্যে এক আবেদনের প্রেক্ষিতে স্বপ্রণোদিত হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি এম এনায়েতুর রহিম এর সমন্বয়ে গঠিত ভারুয়াল বেঞ্চ শিশু দুজনকে তাৎক্ষণিক মুক্তি দানের নির্দেশ দেন এবং আদেশের বিষয়টি জেলা প্রশাসক, নেত্রকোণা কে অবহিত করতে সুখীম কোর্টের মুখপাত্র মোহাম্মদ সাইফুর রহমানকে বলেন।

এই নির্দেশনার প্রেক্ষিতে একই দিন নেত্রকোণার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) মোহাম্মদ সুহেল মাহমুদ ভ্রাম্যমান আদালত প্রদত্ত আদেশটি বাতিল করে শিশু দুটিকে খালাস প্রদান করেন এবং তাদেরকে নিজ নিজ অভিভাবকের নিকট হস্তান্তরের নির্দেশ দেন। এই নির্দেশনার প্রেক্ষিতে ওইদিন বিকেলের মধ্যে শিশু দুজনকে তাদের অভিভাবকের নিকট হস্তান্তর করা হয়।

একইসাথে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম), ভ্রাম্যমান আদালত বসিয়ে বাল্যবিবাহ নিরোধ আইনে দুই শিশুকে দণ্ডদেশ প্রদানকারী নেত্রকোণার আটপাড়া উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুলতানা রাজিয়ার নিকট হতে এ বিষয়ে একটি ব্যাখ্যা তলব করেন।

আজ ভারুয়াল শুনানীতে দুই শিশুর পক্ষে উপস্থিত ছিলেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির ও আইনজীবী এস এম রেজাউল করিম (আইন উপদেষ্টা, ব্লাস্ট) এবং রাষ্ট্রপক্ষে উপস্থিত ছিলেন অ্যাটর্নী জেনারেল জনাব এ. এম. আমিন উদ্দিন।

আরো তথ্যের জন্য communication@blast.org.bd এ যোগাযোগ করুন, অথবা ব্লাস্টের ওয়েবসাইট (www.blast.org.bd) ভিজিট করুন।

বার্তা প্রেরক:

কমিউনিকেশন বিভাগ